

আজ হিমালয়ের মেরা পিক পর্বত অভিযানে যাচ্ছে টিম ইবিএল

- A Monitor Desk Report

Date: 05 April, 2025



ঢাকাঃ ইন্টার্ন ব্যাংক (ইবিএল) পিএলসির পাঁচ সদস্যের একটি অভিযাত্রী দল নেপালের হিমালয় পর্বতমালার মেরা পিক পর্বত বিজয়ের লক্ষ্যে আজ শনিবার (৫ এপ্রিল) ঢাকা ছেড়ে যাবে।

ব্যাংকের ‘সীমা ছাড়িয়ে: ইবিএলের মেরা পিক জয়’ উদ্যোগের অধীনে এ অভিযাত্রার পরিকল্পনা করা হয়েছে।

অভিযাত্রী দলের প্রতি শুভকামনা জানিয়ে ইবিএল এমডি ও সিইও আলী রেজা ইফতেখার বলেন, ‘ইন্টার্ন ব্যাংকে আমরা শুধু ব্যাংকিং পরিসরেই নয়, বাস্তব জীবনের বিভিন্ন ক্ষেত্রে সীমাকে ছাড়িয়ে যেতে চাই। এ অভিযাত্রার মাধ্যমে আমাদের এমপ্লয়ীদের সাহস, নিষ্ঠা ও অ্যাডভেঞ্চারের চেতনার বহিঃপ্রকাশ পেয়েছে। তাদের এ যাত্রায় সহযোগিতা করতে পেরে আমরা গর্বিত ও নতুন উচ্চতায় পৌঁছতে তাদের প্রচেষ্টার সফলতা কামনা করি।’

ইন্টার্ন ব্যাংকের পাঁচ সদস্যের অভিযাত্রী দলে রয়েছেন সামজিদ আল আসাদ, মানাফ হোসেন, সাদিক আহমেদ চৌধুরী, লিংকন রেমন্ড কস্টা ও মো. এমরান হোসেন।

সুউচ্চ পর্বতারোহণের ক্ষেত্রে অত্যন্ত বিরূপ পরিবেশের সঙ্গে মানিয়ে নেয়ার জন্য অভিযাত্রী দল ব্যাপক ও কঠিন প্রশিক্ষণ গ্রহণ করেছে। মেরা পিক জয়ের মাধ্যমে ইন্টার্ন ব্যাংকের সহকর্মী ও সারা দেশে ছড়িয়ে থাকা অ্যাডভেঞ্চারপ্রিয় মানুষদের অনুপ্রাণিত করতে চায় অভিযাত্রী দলটি।

□বিজ্ঞপ্তি

-B